বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/ বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্তপ্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	আইএমইডি	১	-	১	-	১	১	+১০০%	১	৩৩৮৮৩.৭৯ল: টা: +১৭৭.৪৭%

০১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা :** ১

০২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :** পাবলিক প্রকিউরমেন্ট ব্যবস্থাপনার উন্নয়ন, প্রকল্প সংশ্লিষ্টদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন করা এবং বিভিন্ন সংস্থায় ই-জিপি কার্যক্রম চালুর ব্যবস্থা ইত্যাদি কারণে প্রকল্প ব্যয় ও সময় বৃদ্ধি পায়।

০৩। **সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ**

ক্র: নং	সমস্যা	সুপারিশ
১.	"পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রজেক্ট-২ (পিপিআরপি-২) (৩য় সংশোধিত" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মোট ১৯০৯২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন,২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে এ প্রকল্প একাধিকবার সংশোধন হয়ে সর্বশেষ প্রাক্কলিত ব্যয় ৫৬৮১৭.১৯ লক্ষ টাকায় জুলাই, ২০০৭ হতে জুন,২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় । এতে করে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বেড়েছে ৩৩৮৮৩.৭৯ লক্ষ টাকা (১৭৭.৪৭%) এবং সময় বেড়েছে মূল মেয়াদের চেয়ে ১০০% । প্রকল্পটি বার বার সংশোধনের ফলে এ ব্যয় ও সময় বেড়েছে।	প্রকল্পটি একাধিকবার সংশোধনের ফলে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পেয়েছে। প্রকল্প দলিল প্রণয়নকালে প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে যাতে প্রকল্প সংশোধন করতে না হয় সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২.	আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদে ৫ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। এর মধ্যে ২ জন প্রকল্প পরিচালক যথাক্রমে ১.৫ মাস এবং ৩ মাস অতিরিক্ত দায়িত্ব পালন করেন। প্রকল্প পরিচালক ঘনঘন পদলি এবং অতিরিক্ত দায়িত্ব পালন করায় প্রকল্পটির স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্থ হয়েছে।	প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে ৫ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। এর মধ্যে ২ জন প্রকল্প পরিচালক যথাক্রমে ১.৫ এবং ৩ মাস অতিরিক্ত দায়িত্ব পালন করেন। প্রকল্প পরিচালক ঘন ঘন বদলি যেন না হয় সে দিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
৩.	প্রকল্পটির টিপিপি/আরটিপিপি-তে কোন জনবলের সংস্থান ছিল না। প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা সিপিটিইউ'র নিজস্ব পর্যাপ্ত জনবল ছিল না। এতে করে প্রকল্পটির বাস্তবায়ন	প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম স্বাভাবিকভাবে সচল রাখার লক্ষ্যে প্রকল্প দলিলে প্রয়োজনীয় জনবলের সংস্থান রাখতে হবে।

ক্র: নং	সমস্যা	সুপারিশ
	পর্যায়ে ধীরগতি পরিলক্ষিত হয়েছে।	
৪	আলোচ্য প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে রাজস্ব খাতে অর্থ বরাদ্দ এবং ছাড়ের প্রবাহ স্বাভাবিক ছিল না বিশেষ করে ২০১৩-১৪ অর্থবছরে রাজস্ব খাতে কোন অর্থই বরাদ্দ ছিল না। এতে করে প্রকল্পটির ম্যাচিং ফান্ডের সংকটের সংকটের সম্মুখীন হয়েছে।	প্রকল্পের এডিপি/আরএডিপি অর্থ বরাদ্দ এবং ছাড় স্বাভাবিক রাখতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষতে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রজেক্ট-২ (পিপিআরপি-২) (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ৩০ জুন, ২০১৭)

১.০	প্রকল্পের নাম	:	পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রজেক্ট-২ (পিপিআরপি-২) (৩য় সংশোধিত)”- শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।
২.০	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	:	পরিকল্পনা মন্ত্রণালয়/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
৩.০	বাস্তবায়নকারী সংস্থা	:	সেন্টাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
৪.০	প্রকল্পের অবস্থান	:	সমগ্র বাংলাদেশ

৫.০ প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত	-	মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ					
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯০৯২.৪৪ ৯৯১.৮১ ১৮১০০.৬৩	৫৬৮১৭.১৯ ৩৩৮৪.৯৪ ৫৩৪৩২.২৫	৫২৯৭৬.২৩ ২৮২১.৪৫ ৫০০৫৪.৭৮	০১ জুলাই, ২০০৭ হতে ৩০ জুন, ২০১২	০১ জুলাই, ২০০৭ হতে ৩০ জুন, ২০১৭	০১ জুলাই, ২০০৭ হতে ৩০ জুন, ২০১৭	+৩৩৮৮৩.৭৯ + ১৭৭.৪৭%	+১০০%

৬.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত):

ক্রম	সংশোধিত টিপিপি অনুযায়ী প্রধান প্রধান অঙ্গ	সংশোধিত টিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	জুন, ২০১৬ পর্যন্ত প্রকৃত অর্জন		২০১৬-১৭ বছরের লক্ষ্যমাত্রা		জুন, ২০১৭ পর্যন্ত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
			লক্ষ টাকায়	(% অঙ্গ-ভিত্তিক)	লক্ষ টাকায়	(% অঙ্গ-ভিত্তিক)	লক্ষ টাকায়	(% অঙ্গ-ভিত্তিক)
০১.	Further policy Reform and Institutionalizing Capacity development	১৮,৮৮৭.৪৭	১৪৪৭১.৪৮	৭৭%	৪৪১৫.৯৯	২৩%	১৮০৩২.৪৩	০.০০%
০২.	Strengthening procurement management at sectoral level and CPTU/IMED	৮৮০৭.৯৪	৪৭৯৩.৪৬	৫৪%	৪০১৪.৪৮	৪৬%	৫৮৮২.৪০	০.০০%
০৩.	Introducing e-GP Procurement (e-GP)	২৬৬৪৮.৩৪	১৬২৪২.৪০	৬১%	৯৮৪২.৯৪	৩৯%	২৬৭৬৮.৮০	০.০০%
০৪.	Behavioural Change communication and	২৪৭৩.৪৪	১৩৬৫.৪৬	৫৫%	১১০৭.৯৮	৪৫%	২২৯২.৬০	০.০০%

ক্রম	সংশোধিত টিপিপি অনুযায়ী প্রধান প্রধান অঙ্গ	সংশোধিত টিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	জুন, ২০১৬ পর্যন্ত প্রকৃত অর্জন		২০১৬-১৭ বছরের লক্ষ্যমাত্রা		জুন, ২০১৭ পর্যন্ত অগ্রগতি	
			আর্থিক লক্ষ টাকায়	বাস্তব (% অঙ্গ-ভিত্তিক)	আর্থিক লক্ষ টাকায়	বাস্তব (% অঙ্গ-ভিত্তিক)	আর্থিক লক্ষ টাকায়	বাস্তব (% অঙ্গ-ভিত্তিক)
	Social Accountability (BCC& SAC)							
	সর্বমোট	**৫৬৮১৭.১৯**	**৩৬৮৭২.৮০**	**৬৫%**	**১৯৩৮১.৩৯**	**৩৫%**	**৫২৯৭৬.২৩**	**০.০০%**

৬.১ প্রকল্পের বাস্তবায়ন:

আলোচ্য প্রকল্পের প্রাপ্ত PCR হতে দেখা যায় যে, ২০০৭-০৮ থেকে ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত প্রকল্পটির অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে সর্বমোট বরাদ্দ ছিল ৬০৩৪১.০০ লক্ষ টাকা। তন্মধ্যে প্রকৃত ব্যয় হয়েছে ৫২৯৭৬.২৩ লক্ষ (জিওবি-২৮২১.৪৫ লক্ষ এবং প্রকল্প সাহায্য-৫০০৫৪.৭৮ লক্ষ) টাকা। জুন, ২০১৭ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫২৯৭৬.২৩ লক্ষ টাকা, যা সর্বশেষ অনুমোদিত সংশোধিত টিপিপি'র প্রাক্কলিত বরাদ্দের ৮৩% এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%।

৭.০ প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:

প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত PCR পর্যালোচনায় দেখা যায় যে, ই -জিপি পদ্ধতিতে প্রভাব মূল্যায়নের জন্য ডাটা সংগ্রহের কিছু কাজ "Digitizing Implementation Monitoring and Public Procurement Project (DIMAPP)"-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পে স্থানান্তর করা হয়েছে।

৮.০ সাধারণ পর্যবেক্ষণ:

৮.১ প্রকল্পের পটভূমি:

সরকারি ক্রয় কার্যক্রমে গতিশীলতা আনয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্বব্যাংক এবং বাংলাদেশ সরকারের সাথে সমঝোতা/যৌথ উদ্যোগে ১৯৯৮ সালের মে মাসে Country Procurement Assessment Report (CPAR) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। CPAR কার্যক্রম মূলত: পরিচালিত হয় ১৯৯৯ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর মাস পর্যন্ত। ৬ সেপ্টেম্বর,২০০০ তারিখে CPAR এর চুড়ান্ত প্রতিবেদন প্রণীত হয়। CPAR প্রতিবেদনের Action Plan এর উপর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, উন্নয়ন সহযোগীদের মতামত বিবেচনা করা হয়। ০৬ ফেব্রয়ারি, ২০০১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বিশ্বব্যাংকের সহায়তায় Public Procurement Reform কার্যক্রম গ্রহণ করা হয়। উক্ত একনেক সভায় Public Procurement Reform Project (PPRP) বাস্তবায়ন এবং আইএমইডি' তে Public Procurement Technical Unit (CPTU) স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে ২০০১ সালে সিপিটিইউ প্রতিষ্ঠা করা হয় এবং PPRP বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়। প্রথম পর্যায়ে Public Procurement Reform কার্যক্রমের আওতায় অর্জিত সাফল্য Sustainable করা, পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা বাস্তবায়ন পরিবীক্ষণ জোরদার, সরকারি ক্রয় সংক্রান্তে সহায়তা, পরামর্শ প্রদান, ক্রয় প্রক্রিয়াকে আরো দ্রুত ও স্বচ্ছ (ই-জিপি'র মাধ্যমে) এবং প্রশিক্ষণের মাধ্যমে গণখাতের ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল পক্ষের সক্ষমতা বৃদ্ধি ও ধারাবাহিকতা রক্ষা করার লক্ষ্যে বিশ্বব্যাংকের আইডিএ ফান্ডের সহায়তায় "পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রজেক্ট-২ (পিপিআরপি-২)"-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য:

গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনা কর্মসূচি বাস্তবায়নকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর/সংস্থা গুলোকে গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উন্নতি সাধন এবং সংগ্রহ পদ্ধতির সাথে জনসাধারণকে সম্পৃক্ত করা।

৮.৩ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যে:

বিদ্যমান আইনসহ অবশিষ্ট নীতির সংস্কার সম্পন্ন করা;
প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উন্নতি সাধন;
গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উন্নতির নিমিত্ত সিপিটিইউ এবং আইএমইডিসহ সংশ্লিষ্ট সেক্টরের সক্ষমতা বৃদ্ধি করা;
সিপিটিইউ এর পৃষ্ঠপোষকতায় ই-গভর্ণমেন্ট প্রকিউরমেন্টের উন্নয়ন, পাইলটিং এবং চালু করা;
গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত অংশীজনদেরকে (Stakeholders) এ ব্যবস্থা সম্পর্কে সচেতনতার মাধ্যমে সংযুক্ত করা; ইত্যাদি।

৮.৪ প্রকল্পের মূল কার্যক্রম:

"পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রকল্প (পিপিআরপি-২)(৩য় সংশোধিত)"-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের নিম্নবর্ণিত প্রধান ৪(চার)টি কার্যক্রম রয়েছেঃ

(ক) চলমান নীতির সংস্কার এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;

(খ) গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উন্নতির নিমিত্ত সিপিটিইউ এবং আইএমইডিসহ সংশ্লিষ্ট সেক্টর পর্যায়ে সক্ষমতা বৃদ্ধি করা;

(গ) গণখাতে ইলেক্ট্রনিক গর্ভনমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ব্যবস্থাপনা চালু করা;

(ঘ) গণখাতে সংগ্রহ প্রক্রিয়ায় জনসাধারণের সাথে যোগাযোগের মাধ্যমে সামাজিক দায়বদ্ধতা সৃষ্টি করা।

৯.০ প্রকল্পের অনুমোদন এবং ৩টি সংশোধন:

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের গত ১৭.০৫.২০০৭ তারিখের পিসি/প্যমস/ পিএ/৫৭/২০০৭-৪২৯ সংখ্যক স্মারকমূলে মাননীয় অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক বিশ্বব্যাংকের আইডি ফান্ডের সহায়তায় আলোচ্য "Public Procurement Project"- শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মোট ১৯০৯২.০০ লক্ষ (জিওবি-৯৯২.০০ লক্ষ + প্রকল্প সাহায্য-১৮১০০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন,২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে এ বিভাগের ০৭.০২.২০১০ তারিখের নং-আইএমইডি/সম/১১৫/২০০৯ -৩৬ সংখ্যক স্মারকমূলে প্রকল্পটির ব্যয় অপরিবর্তিত রেখে বাস্তবায় ন মেয়াদ ১ (এক) বছর অর্থাৎ ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরিকল্পনা কমিশনের ১০.০৬.২০১৩ তারিখের নং-২০.২২২.০১৪.০০.০০.০০৯.২০১৩-২০৮ সংখ্যক স্মারকমূলে মোট প্রাক্কলিত ব্যয় ৪৭৩৫৯.৮৭ লক্ষ (জিওবি-১৭৮৮.১৫ লক্ষ + প্রকল্প সাহায্য-৪৫৫৭১.৭২ লক্ষ) টাকা য় জুলাই, ২০০৭ হতে জুন ২০১৭ মেয়াদে প্রকল্পটির দ্বিতীয় সংশোধিত টিপিপি অনুমোদিত হয়। সর্বশেষ গত ২৭.০ ৬.২০১৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাক্কলিত ব্যয় ৫৬৮১৭.১৯ লক্ষ (জিওবি-৩৩৮৪.৯৪ লক্ষ + প্রকল্প সাহায্য-৫৩৪৩২.২৫ লক্ষ) টাকা য় ১জুলাই , ২০০৭ হতে ৩০ জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

৯.১ প্রকল্প টি সংশোধনের কারণঃ

প্রকল্প চলাকালীন পাবলিক প্রকিউরমেন্ট ব্যবস্থাপনার উন্নয়ন, প্রকল্প সংশ্লিষ্টদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন করা, বিভিন্ন সংস্থায় ই-জিপি কার্যক্রম চালু ইত্যাদি কারণে প্রকল্পটি সংশোধনের প্রয়োজন হয়েছে-মর্মে PCR এ উল্লেখ রয়েছে।

**১০.		প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

প্রকল্প পরিচালকের নাম	পদবি ও মূল দপ্তর	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব এ কে এম ফজলুল করিম	মহাপরিচালক, (বিভাগীয় প্রধান) সিপিটিইউ	০১.০৭.২০০৭ হতে ০৫.০৩.২০০৮ পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব	না	-
জনাব অমূল্য কুমার দেবনাথ	মহাপরিচালক, (বিভাগীয় প্রধান) সিপিটিইউ	০৬.০৩.২০০৮ হতে ৩০.০৪.২০১৪ পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব	না	-
জনাব সালমা মাহমুদ	মহাপরিচালক (যুগ্মসচিব), সিপিটিইউ	৩০.০৪.২০১৪ হতে ১৬.০৬.২০১৪ পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব	না	মাত্র ১.৫ মাস অতিরিক্ত দায়িত্ব পালন করেন
জনাব মোঃ শেফাউল আলম	মহাপরিচালক (যুগ্মসচিব), সিপিটিইউ	১৭.০৬.২০১৪ হতে ১৬.০৯.২০১৪ পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব	না	মাত্র ৩ মাস অতিরিক্ত দায়িত্ব পালন করেন
জনাব মোঃ ফারুক হোসেন	মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সিপিটিইউ	১৭.০৯.২০১৪ হতে ৩০.০৬.২০১৭ পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব	না	-

১১. মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরন করা হয়েছেঃ

(ক) প্রকল্পটির টিপিপি/আরটিপিপি, বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত PCR পর্যালোচনা;

(গ) PIC, DSPEC, Steering Committeeসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের নিমিত্ত সরোজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১২. প্রকল্পের জনবলঃ

আলোচ্য প্রকল্পের অনুমোদিত টিপিপি/আরটিপিপি-তে কোন জনবলের সংস্থান নেই। সেন্টার প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এ র কর্মকর্তা এবং কর্মচারীগণ অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পটি বাস্তবায়নে নিয়োজিত ছি লেন মর্মে PCR-এ উল্লেখ রয়েছে।

১৩. **প্রকল্পের বছরভিত্তিক বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বরাদ্দ	জিওবি অবমুক্ত	প্রকল্প ব্যয়		
			রাজস্ব	প্রকল্প সাহায্য	মোট
২০০৭-০৮	১৬০০.০০	২৫.০০	৩.৮২	৮৩৭.২০	৮৪১.০২
২০০৮-০৯	১৯৩৩.০০	২৫.০০	১৭.২২	১৪৬৯.৯০	১৪৮৭.১২
২০০৯-১০	৩০২৫.০০	২৫.০০	২৪.৫৭	২৮৯০.৬৫	২৯১৫.২২
২০১০-১১	৫০৮০.০০	২৫.০০	২৩.৭৯	৫০৪৯.৯৪	৫০৭৩.৭৩
২০১১-১২	৪৩২৫.০০	২৫.০০	২০.৬৭	৩৭৯৬.৪৭	৩৮১৭.১৪
২০১২-১৩	৩৮৫০.০০	৩০.৬৩	৩০.৬৩	৩০০৪.৬৩	৩০৩৫.২৬
২০১৩-১৪	৬০০০.০০	০০.০০	০০.০০	৫৩২০.৪৮	৫৩২০.৪৮
২০১৪-১৫	৬৫০০.০০	৩০০.০০	২২৪.০০	৫৫৩২.৫৩	৫৭৫৬.৫৩
২০১৫-১৬	৮৬৫০.০০	৪৮০.৭৫	৪৮০.৭৫	৮১৪৫.৩৩	৮৬২৬.০৮
২০১৬-১৭	১৯৩৭৮.০০	১৯৯৬.০০	১৯৯৬.০০	১৪১০৭.৬৫	২৪৭২৯.৭৩
সর্বমোট	**৬০৩৪১.০০**	**২৯৩২.৩৮**	**২৮২১.৪৫**	**৫০১৫৪.৭৮**	**৫২৯৭৬.২৩**

১৪. **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

আলোচ্য “পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রকল্প (৩য় সংশোধিত)”-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মূলত: ৪ (চার)টি অঙ্গে বিভক্ত ছিল। অঙ্গভিত্তিক গুরুত্বপূর্ণ বাস্তবায়ন অগ্রগতি নিম্নে উল্লেখ করা হলোঃ

পরিকল্পিত উদ্দেশ্য		**অর্জন**
মুল কার্যক্রম	**কাজের নাম**	**প্রকৃত অর্জন**
অঙ্গ-১: ফারদার পলিসি রিফর্ম এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;		
(ক) ফারদার পলিসি রিফর্ম	প্রয়োজন অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট সংশোধন	পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট ২০০৬ সালে গৃহীত হয়। এ আইন গৃহীত হওয়ার পর আইনের পর্যায়ক্রমে নিম্নোক্ত সংশোধন করা হয়ঃ আইন নং-৩৩, সাল-২০০৯, আইন নং-৬৫, সাল-২০০৯ আইন নং-৩৬, সাল-২০১০, আইন নং-৭৩, সাল-২০১১ আইন নং-৩৭, সাল-২০১৬
	প্রযোজ্য ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট এর আলোকে রুলস্ সংশোধন	পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ সনে প্রস্তুত ও গৃহীত হয়। এ বিধিমালা গৃহীত হওয়ার পর পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট সংশোধনের প্রেক্ষাপটে বিধিমালাও পর্যায়ক্রমে নিম্নোক্ত সংশোধন করা হয়ঃ এসআরও নং-২০৩, ১২-০৮-২০০৯ এসআরও নং-৭৩, ২৭-০৩-২০১১ এসআরও নং-৮৩, ০১-০৪-২০১২ এসআরও নং-৩৪৫, ২৮-১১-২০১৬

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জন
মূল কার্যক্রম	**কাজের নাম**	**প্রকৃত অর্জন**
	এসটিডি/আরএফপি সমূহ প্রস্তুত এবং পরিবর্তন/ পরিমিত করণ	এসটিডি/আরএফপি সমূহ প্রয়োজন অনুসারে গতিশীল করার জন্য সময়ে সময়ে হালনাগাদ করা হয়। **পণ্য সংগ্রহের ক্ষেত্রে** এসটিডি এর পিজি-১, পিজি-২, পিজি-৩, পিজি-৪, পিপি-৫এ, পিপি-৫বি, পিকিউজি, জিপি-৬ এবং এসএজিই-এ ডকুমেন্টসমূহ হালনাগাদ করা হয়। **কার্য ক্ষেত্রে** এসটিডি এর পিডব্লিউ-১, পিডব্লিউ-২এ, পিডব্লিউ-২বি, পিডব্লিউ-৩, পিডব্লিউ-৪, পিডব্লিউ-৫, পিডব্লিউ-৬, পিডব্লিউ-৭, এসএএফইবি-বি ডকুমেন্টসমূহ হালনাগাদ করা হয়। **সেবার ক্ষেত্রে** এসটিডি এর পিএস-১, পিএস-২, পিএস-৩, পিএস-৪, পিএস-৫, পিএস-৬, পিএস-৭, পিএস-৮, পিএস-৯, পিএস-১০, পিএস-১১, পিএস-১২, পিএসএন ডকুমেন্টসমূহ হালনাগাদ করা হয়েছে।
(খ) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	এমসিআইপিএস	১২৮ জন সরকারি কর্মকর্তাকে ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি), ব্র্যাক ইউনিভার্সিটির সহযোগিতায় সিআইপিএস থেকে এমসিপিএস কোর্সের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
	টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট ব্যবস্থাপনার উপর মাস্টার্স ডিগ্রি অর্জন	প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির অংশ হিসেবে ২৫ জন সরকারি কর্মকর্তা ইতালির তুরিন বিশ্ববিদ্যালয় থেকে গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উপর দক্ষতা বৃদ্ধি এবং পেশাদারিত্ব তৈরির নিমিত্ত টেকসই উন্নয়নের লক্ষ্যে মাস্টার ডিগ্রি লাভ করেছেন।
	জাতীয় প্রশিক্ষকদের সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান	ইতালির তুরিন বিশ্ববিদ্যালয় থেকে মনোনীত ৬০ জন জাতীয় প্রশিক্ষকদের মধ্যে ৫২জন প্রশিক্ষককে সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
	রিভিউ প্যানেল গাইড লাইন প্রণয়ন	প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির আওতায় রিভিউ প্যানেল গাইড লাইন প্রস্তুত, অনুমোদন এবং গত ১৯.০১.২০১৫ তারিখে তা' প্রকাশ করা হয়েছে।
	গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উপর ডাটাবেজ প্রণয়ন	সিপিটিইউ-তে গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উপর ডাটাবেজ প্রণয়ন করা হয়েছে।
অঙ্গ-২: প্রকিউরমেন্ট ব্যবস্থপনার উপর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আইএমইডি/সিপিটিইউ এর সেক্টর পর্যায়ে শক্তিশালীকরণ		
	২-তলা সিপিটিইউ অফিস ভবন স্থাপন	২০১৩ সনে সিপিটিইউ'র জন্য ২-তলা বিশিষ্টি অফিস ভবন নির্মাণ করা হয়েছে। তাছাড়া এ ভবনের ৩য় তলা ভার্টিক্যাল বর্ধিতকরণ করা হয়েছে।

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জন
মূল কার্যক্রম	**কাজের নাম**	**প্রকৃত অর্জন**
	• পরিবীক্ষণ ও মূল্যায়োনে সক্ষমতা বৃদ্ধি; • অভিযোগ নিস্পত্তিকরণ; • কন্টক্যাক্ট এ্যায়ার্ড প্রকাশ	➢ ৪টি টার্গেট এজেন্সির কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান; ➢ রিভিউ প্যানেল কর্তৃক বিদ্যমান অভিযোগ নিস্পত্তিকরণ; ➢ কন্টক্যাক্ট এ্যায়ার্ড প্রকাশ করা হয়।
অঙ্গ-৩: গণখাতে ই-গভ: (ই-জিপি) ব্যবস্থাপনা চালুকরণ		
ই-জিপি সিস্টেম	ই-জিপি পদ্ধতির বাস্তবায়ন	ক্রয় কার্যক্রম ই-জিপি'তে সম্পন্ন করার লক্ষ্যে সিপিটিইউ'তে সমন্বিত উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি মিরর ডাটা সেন্টার এবং বিসিসি'তে একটি ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় অন্যান্যের মধ্যে নিম্নোক্ত সংস্থাসমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে: মন্ত্রণালয়/বিভাগ-৪৮টি, সংস্থা-১১২০টি, পিই অফিস: ৪৭২৫টি, নিবন্ধিত ব্যাংক: ৪৪টি, নিবন্ধিত শাখা: ৩২১৬টি, দরপত্র আহ্বাণ-১,০২,৯৬০টি, দরপত্র মূল্য: ৯১০৭২,১১,২১,৫৮৯ টাকা। দরপত্র দাখিল-৯৫৮৪৯টি, ডকুমেন্ট বাবদ ফি প্রাপ্তি-১,৩৪১,৮০৫,২৯৯১.০০ টাকা, মোট ব্যবহারকারী সংখ্যা-৫৮,৮৬৪ জন। ই-জিপি এর আওতায় ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
নতুন ডাটা সেন্টার স্থাপন	সিপিটিইউ এবং বিসিসি'তে নতুন ডাটা সেন্টার স্থাপন	ডাটা সেন্টারের আওতায় ই-জিপি ব্যবহারকারীদের সার্বিক সহযোগিতা, ই-জিপি সম্পর্কে পরিচিত করানো, সিস্টেমটি সম্পর্কে মাঠকর্মীদের প্রশিক্ষণ প্রদান ইত্যাদি কার্যক্রমসহ সিপিটিইউ ভবনে এবং বিসিসি'তে জাতীয় ডাটা সেন্টার স্থাপন এবং লিংক প্রদান করা হয়েছে।
অঙ্গ-৪: দৃষ্টিভঙ্গিতর পরিবর্তন এবং সামাজিক সংযোগ স্থাপন এবং জবাবদিহিতা		
ই-জিপি awareness এবং রিফর্ম এজেন্ডা		➢ মোবাইল অ্যাপ্লিকেশনে আপলোড করা এবং তার বিকাশ; ➢ গ্রামীণফোনের মাধ্যমে প্রায় ৫,০০,০০০ টি এসএমএস প্রেরণ; ➢ প্রায় ৭,০০,০০০টি ই-মেইল প্রেরণ; ➢ অন-লাইন পত্রিকায় প্রচার; ➢ সমকাল, বিডি নিউজ-২৪ (বাংলা এবং ইংরেজী পত্রিকা) এ প্রচার; ➢ ৬৪টি জেলায় ই-জিপি সচেতনতামূলক কর্মশালা আয়োজন করা; ➢ দরদাতাসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের ই-জিপি'র ধারনা প্রদান; ➢ ২টি টিভি চ্যানেলের স্ক্রলে ই-জিপি'র বার্তা প্রচার, ইত্যাদি।
স্বচ্ছতা এবং জবাবদিহিতার লক্ষ্যে ই-জিপি'তে ক্রয়ের নিমিত্ত জনমত গড়ে তোলা	জনসাধারণের মতামতকে গুরুত্ব দিয়ে ই-জিপি'তে ক্রয়ের নিমিত্ত জনমত তৈরি।	➢ ই-জিপি'তে ক্রয় সংক্রান্ত সার্বিক সেবার উপর গান, ভিডিও, তথ্যাদি ইত্যাদি রেডিও, টিভিসহ গুরুত্বপূর্ণ স্থানে প্রচার; ➢ ৪টি রেডিও এর মাধ্যমে পাবলিক তহবিল এবং পাবলিক

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জন
মূল কার্যক্রম	কাজের নাম	প্রকৃত অর্জন
		সার্ভিস ডিলিভারি ব্যবহার সম্পর্কে প্রচার; ➢ ৯টি টিভি চ্যানেলের মাধ্যমে পাবলিক তহবিল এবং পাবলিক সার্ভিস ডিলিভারি ব্যবহার সম্পর্কে প্রচার; ➢ ঢাকায় ২টি ডিজিটাল বিলবোর্ড নির্মাণ; ➢ ই-জিপি'তে (প্রথম আলো, সমকাল, বাংলাদেশ প্রোটাইডিন এবং ফিনান্সসিয়াল এক্সপ্রেস) ক্রয়ের বিষয়ে প্রচারনা; ➢ ই-জিপি'তে ক্রয়ের বিষয়ে ৬টি কার্টুন প্রচার; ➢ টিভি-তে ৪টি টক-শো এর আয়োজন করা; ➢ সিপিটিইউ এর জন্য ডিজিটাল আর্কাইভ তৈরি এবং স্থাপন করা; ➢ সিপিটিইউ এবং ক্রয় ব্যবস্থাপনার সংস্কারের উপর একটি প্রেজেন্টেশন এবং স্লাইড-সো তৈরি করা; ইত্যাদি।
কনডাক্ট-২ ট্রাকিং সার্ভিস টু্য এ্যাকসেস ইমপ্যাক্ট অন কমিনিকেশন এ্যান্ড পাবরিকেন্স	২টি সমীক্ষা পরিচালনা এবং নিউজ লেটার প্রকাশ	➢ ফলাফল মূল্যায়নের জন্য অংশীজনদের (Stakeholders) সাথে শেয়ার করা; ➢ সিপিটিইউ কর্তৃক ত্রৈমাসিক সংবাদপত্র, টিভি টক-শো এবং মিডিয়ায় প্রতিবেদন প্রকাশ; ইত্যাদি।

১৫. **অডিট সম্পর্কিত তথ্যাদিঃ**

প্রকল্পের কার্যক্রম চলাকালীন ২০০৭-২০০৮ হতে ২০১৩-২০১৪ সময়ে অভ্যন্তরীণ অডিট (Internal Audit) সম্পন্ন করা হয় এবং ২২.১২.২০১৬ তারিখে উক্ত অডিট রিপোর্ট দাখিল করা হয় । তাছাড়া ২০১৪-২০১৫ সময়ের এক্সটার্নাল অডিট (External Audit) সম্পন্ন হয় এবং ২১.০৬.২০১৬ তারিখে উক্ত অডিট রিপোর্ট দাখিল করা হয়। প্রকল্প চলাকালীন উত্থাপিত সকল অডিট আপত্তিসমূহ নিস্পত্তি হয়েছে মর্মে PCR উল্লেখ রয়েছে।

১৬. সমাপ্ত প্রকল্প পরিদর্শনঃ

গত ০৩.০৭.২০১৮ তারিখ আইএমই বিভাগের নিম্নস্বাক্ষরকারী [মো:বশীর আহাম্মেদ, সহকারী পরিচালক (সহকারী সচিব)] কর্তৃক আলোচ্য সমাপ্ত প্রকল্পটি সরোজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালকগণের সাথে প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতিসহ PCR এর বিষয়ের আলোচনা হয়। প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলোঃ

১৬.১ প্রশিক্ষণ কার্যক্রম (স্থানীয়/বৈদেশিক):

প্রকল্পের ০৫টি স্থানীয় প্রশিক্ষণের আওতায় ২০,৭৫৪ জনকে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ১০৭ জন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ১বছর মেয়াদে মাস্টার্স কোর্স সম্পন্ন করেছেন। অপরদিকে বৈদেশিক প্রশিক্ষণের আওতায় ২০৭ জনকে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বৈদেশিক প্রশিক্ষণের আওতায় ২৫ জন কর্মকর্তাকে ইটালির তুরিন বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স কোর্স (অবশিষ্ট ৪ মাস মেয়াদ) সম্পন্ন করেছেন। তাছাড়া ১৩০ জন কর্মকর্তা এক্সপোজার ভিজিট করেছেন। ১২৮

জন সরকারি কর্মকর্তাকে ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি), ব্র্যাক ইউনিভার্সিটির সহযোগিতায় সিইপিএস থেকে এমসিপিএস কোর্সের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গণখাতে সংগ্রহ ব্যবস্থাপনার উপর ৪টি টার্গেট এজেন্সির (LGED, RHD, BWDB & REB) ১৩০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ই-জিপি ব্যবহারকারীদের সার্বিক সহযোগিতা, ই-জিপি সম্পর্কে পরিচিত করানো, সিস্টেমটি সম্পর্কে মাঠকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৬.২ সেমিনার/ওয়ার্কসপঃ

প্রকল্পটির আওতায় সেমিনার/ওয়ার্কসপ এর অংশ হিসেবে ৬৪টি জেলায় ই-জিপি সচেতনতামূলক কর্মশালা আয়োজন, টিভি-তে ৪টি টক-শো এর আয়োজন, সিপিটিইউ এবং ক্রয় ব্যবস্থাপনার সংস্কারের উপর একটি প্রেজেন্টেশন প্রদান এবং স্লাইড-সো প্রদর্শন, ই-জিপি'তে সংগ্রহের বিষয়ে ৬টি কার্টুন প্রকাশ, সিপিটিইউ কর্তৃক ত্রৈমাসিক সংবাদপত্র, মিডিয়া প্রতিবেদন প্রকাশ ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১৬.৩ পরামর্শক সেবা (আন্তর্জাতিক):

বৈদেশিক পরামর্শক সেবার আওতায় ই-জিপি সিষ্টেম কার্যক্রমের জন্য ৩.৫ জনমাস মেয়াদে ৩৪,৪৪,৬১৫ টাকা ব্যয় হয়েছে। ই-জিপি সিস্টেম ম্যানেজমেন্ট এবং অপারেশন কাজের জন্য ১৪ সপ্তাহ মেয়াদে **১৮,১৯,৭৮,০০০.০০** টাকা ব্যয় হয়েছে। পাবলিক প্র্যাকটিস রেগুলেটরি অথরিটি এবং স্ব-স্থায়ী ই-জিপি অপারেশনের জন্য কৌশলগত কাঠামো বিকাশের নিমিত্ত ডকুমেন্ট প্রণয়ণের কাজটি ১৪ সপ্তাহ মেয়াদে সম্পন্ন হয়েছে। ই-জিপি পরামর্শক এর ১২০ দিন মেয়াদে ৪,৮৭৩,২২৬.০০ টাকা ব্যয় হয়েছে।

১৬.৪ পরামর্শক সেবা (স্থানীয়):

স্থানীয় পরামর্শক সেবার আওতায় সম্ভাব্য দরদাতাদের ই-জিপি প্রশিক্ষণের জন্য ৬ জনমাস মেয়াদে ৪,১১,৬২,৮১৩.০০ টাকা ব্যয় হয়। অভ্যন্তরীণ অডিট (Internal Audit) কার্যক্রমের জন্য ৩৬ সপ্তাহ মেয়াদে ১১,৮৫,৬০০.০০ টাকা ব্যয় হয়েছে। সিপিটিইউ এর জন্য উন্নতমানের ওয়েবসাইট ডিজাইন, ডেভেলপমেন্ট এবং চালু করার কাজে ১৬ জনমাস মেয়াদে ২৪,১৩,৩৩৪.০০ টাকা ব্যয় হয়েছে। মনিটরিং এবং মূল্যায়ন (এমএন্ডই) ডকুমেন্ট প্রণয়নের কাজে পরামর্শক সেবার ৭৫ জনমাস মেয়াদে ৪,৪৩,৮৪,৮০০.০০ টাকা ব্যয় হয়। ই-জিপি সিস্টেম ম্যানেজমেন্ট এবং অপারেশন ৩৮৪ জনমাস মেয়াদে ১৩০,৬,৭৫,০১২.০০ টাকা ব্যয় হয়। ই-জিপি রোল-আউট এবং ক্যাপাসিটি ডেভেলপমেন্টের নিমিত্ত মূল্যায়ন কাজে ১৪ সপ্তাহে ১,৯৪,৩৮৯২০.০০ টাকা ব্যয় হয়।

১৬.৫ মটর গাড়ী সংগ্রহঃ

প্রকল্পের অনুমোদিত মূল টিপিপি'তে গাড়ী সংগ্রহ খাতে ৬২.৫০ লক্ষ টাকার সংস্থান ছিল। দাখিলকৃত PCR হতে দেখা যায় যে, যথাক্রমে ২৬.০২.২০০৯ তারিখে ২টি কার এবং ২৮.০৩.২০১০ তারিখে ১টি মাইক্রোবাস সংগ্রহ করা হয়েছে। এ সকল কার এবং মাইক্রোবাস সরকারি পরিবহন পুলে জমা প্রদান করা হয়েছে।

১৬.৬ সামাজিক সচেতন তা বৃদ্ধির কার্যক্রমঃ

সামাজিক সচেতনা বৃদ্ধির কার্যক্র মের আওতায় মোবাইল অ্যাপ্লিকেশনে আপলোড এবং তার বিকাশ, গ্রামীণ ফোনের মাধ্যমে প্রায় ৫,০০,০০০ টি এসএমএস প্রেরণ, প্রায় ৭,০০,০০০টি ই-মেইল প্রেরণ, অন-লাইন পত্রিকায় প্রচার, সমকাল, বিডি নিউজ-২৪ (বাংলা এবং ইংরেজী) পত্রিকায় প্রচার, দরদাতাসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের ই-জিপি সম্পর্কে পূনাঙ্গ ধারনা প্রদান, ২টি টিভি চ্যানেলের স্ক্রেলে ই-জিপি'র বার্তা প্রচার, ই-জিপি'তে ক্রয় সংক্রান্ত সার্বিক সেবার উপর গান, ভিডিও, তথ্যাদি, ধারনা ইত্যাদি রেডিও/টিভিসহ গুরুত্বপূর্ণ স্থানে প্রচার করা হয়েছে।

১৬.৭ সিপিটিইউ শক্তিশালীকরণঃ

সিপিটিইউ কর্মকর্তাদের দেশে-বিদেশে বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান, ২০১৩ সনে সিপিটিইউ'র জন্য ২-তলা বিশিষ্ট অফিস ভবন স্থাপন করা হয়েছে। তাছাড়া এ ভবনের ৩য় তলা ভার্টিক্যাল বর্ধিতকরণ করণ কাজ সম্পন্ন হয়েছে। সিপিটিইউ ভবনে জাতীয় ডাটা সেন্টার এবং বিসিসি'তে একটি মিরর ডাটা সেন্টার স্থাপন এবং লিংক প্রদান করা হয়েছে।

১৬.৮ প্রকল্পের উদ্দেশ্যে অর্জিত না হলে তার কারণ/প্রকৃত অর্জনঃ

প্রকল্পটির উদ্দেশ্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্জিত হয়েছে মর্মে PCR-এ উল্লেখ রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে সরকার ই-জিপি'তে জুন, ২০১৭ পর্যন্ত ১৫৮৫১ .৫৮ লক্ষ টাকা আয় করেছে। দেশে ব্যবসা-বাণিজ্যের প্রসারের সাথে সাথে দিন -দিন এ আয়ের পরিমাণ আরো বৃদ্ধি পাবে মর্মে আশা করা যায়।

১৭. সার্বিক পর্যবেক্ষণ:

- "পাবলিক প্রকিউরমেন্ট রিফর্ম প্রজেক্ট-২ (পিপিআরপি-২) (৩য় সংশোধিত)" - শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি মোট ১৯০৯২.০০ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন,২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে এ প্রকল্পটি একাধিকবার সংশোধন হয়ে সর্বশেষ প্রাক্কলিত ব্যয় ৫৬৮১৭.১৯ লক্ষ টাকায় ১জুলাই, ২০০৭ হতে ৩০ জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। এতে করে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বেড়েছে ৩৩৮৮৩৭৯ লক্ষ (১৭৭.৪৭%) এবং সময় বেড়েছে মূল মেয়াদের চেয়ে ১০০%। প্রকল্পটি বার বার সংশোধনের ফলে এ ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে।

- আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদে ৫জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। এর মধ্যে ২জন প্রকল্প পরিচালক যথাক্রমে ১.৫ মাস এবং ৩ মাস অতিরিক্ত দায়িত্ব পালন করেন । প্রকল্প পরিচালক ঘনঘন বদলি এবং অতিরিক্ত দায়িত্ব পালন করায় প্রকল্পটির স্বাভাবিক কার্যক্রমে বাধাগ্রস্থ হয়েছে।

- প্রকল্পটির টিপিপি/আরটিপিপি-তে কোন জনবলের সংস্থান ছিল না। প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা সিপিটিইউ'র নিজস্ব পর্যাপ্ত জনবল ছিল না। এতে করে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে ধীরগতি পরিলক্ষিত হয়েছে।

- আলোচ্য প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে রাজস্ব খাতে অর্থ বরাদ্দ এবং ছাড়ের প্রবাহ স্বাভাবিক ছিল না। বিশেষ করে ২০১৩-১৪ অর্থবছরে রাজস্ব খাতে কোন অর্থই বরাদ্দ ছিল না। এতে করে প্রকল্পটির ম্যাচিং ফান্ডের সংকটের সম্মুখীন হয়েছে।

- আলোচ্য প্রকল্পের আওতায় গাড়ী, অফিস সরঞ্জামাদি, আসবাবপত্র এবং অন্যান্য যন্ত্রপাতি সংগ্রহ করা হয়। এ বিষয়ে প্রকল্প দপ্তর হতে জানানো হয়েছে যে, ক্রয়কৃত এ সকল পণ্যাদির অধিকাংশই DIMAPP প্রকল্পে ব্যবহার হচ্ছে এবং ২টি কার ও ১টি মাইক্রোবাস যথারীতি সরকারি পরিবহন পুলে জমা প্রদান করা হয়েছে। সমাপ্ত এ প্রকল্পের আওতায় সংগৃহিত অবশিষ্ট পণ্যাদি (যদি থাকে) বিধি মোতাবেক রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

১৮. সুপারিশ:

(ক) প্রকল্পটি একাধিকবার সংশোধনের ফলে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পেয়েছে। প্রকল্প দলিল প্রণয়নকালে প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে যাতে সংশোধন করতে না হয় সে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) প্রকল্পটি বাস্তবায়ন পর্যায়ে ৫জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। এর মধ্যে ২জন প্রকল্প পরিচালক যথাক্রমে ১.৫ এবং ৩ মাস অতিরিক্ত দায়িত্ব পালন করেন । প্রকল্প পরিচালক ঘনঘন বদলি যেন না হয় সেদিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

(গ) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম স্বাভাবিকভাবে সচল রাখার লক্ষ্যে প্রকল্প দলিলে প্রয়োজনীয় জনবলের সংস্থান রাখতে হবে;

(ঘ) প্রকল্পের এডিপি/আরএডিপি অর্থ বরাদ্দ এবং ছাড় স্বাভাবিক রাখতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঙ) প্রকল্পের আওতায় সংগৃহিত অবশিষ্ট পণ্যাদি (যদি থাকে) বিধি মোতাবেক সংরক্ষণ করা যেতে পারে;

(চ) ভবিষ্যতে প্রশিক্ষণধর্মী যে সকল প্রকল্প গ্রহণ করা হবে , সেখানে আইএমই বিভাগের কর্মকর্তা দের অগ্রাধিকার ভিত্তিতে প্রশিক্ষণ প্রাপ্তির বিষয়টি বিবেচনায় রাখা যেতে পারে;

(ছ) স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে আইএমইডি'র সক্ষমতা বৃদ্ধিকে গুরুত্ব দিয়ে পরিকল্পনা করা সমীচীন হবে।

(জ) বর্ণিত সুপারিশের {১৮(ক)-(ছ)} আলোকে গৃহীত ব্যবস্থা আইএমই বিভাগ-কে অবহিত করতে হবে।